

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। কোটেশন দাখিলের জন্য চিঠি।
- ৪। ঠিকাদার হতে প্রাপ্ত কোটেশন।
- ৫। দর বিশ্লেষণ এর কপি।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Supply of Different Type Spare Parts for 1400 mm dia Butter fly Valve Repair Purpuse Work at SWTP Transmission Network.

০১। অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলো কন্ট্রোল করে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্ত: সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। বিদ্যমান ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ এর মাধ্যমে পানির প্রেসার কন্ট্রোল করে জোন গুলোতে প্রয়োজন অনুযায়ী পানি সরবরাহ করা হচ্ছে। দীর্ঘদিন ধরে উচ্চ প্রেশারে পানি সরবরাহ করার ফলে মেইন ট্রান্সমিশন লাইনের Butter fly Valve এর বিভিন্ন যন্ত্রাংশে মরিচা ধরে ক্ষয়ে ব্যবহার অনুপযোগী হয়ে পরেছে। ফলে সুষ্ঠু ভাবে পানি সরবরাহে সমস্যা হচ্ছে। যা দ্রুত মেরামত করা প্রয়োজন। মেরামতের স্বার্থে Butter fly Valve এর বিভিন্ন spare parts ক্রয় করা প্রয়োজন। তৎপক্ষেই বর্তমান বাজার দর যাচাই করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান বাজার দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৪৭,৬৬০.৬৩০ (নয় লক্ষ সাতচল্লিশ ছয়শত ষাট দশমিক ছয় তিন শূন্য) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৫-২৬ ইং অর্থবছরের সংশোধিত রাজস্ব বাজেটের Spare Parts (Water & Sewer Treatment Plant) কোড নং-০১-০৪-০২৫ খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২৬৬ এবং প্যাকেজ নং-G-59 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Supply of Different Type Spare Parts for 1400 mm dia Butter fly Valve Repair Purpuse Work at SWTP Transmission Network. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৭৮ ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৯,৪৭,৬৬০.৬৩০ (নয় লক্ষ সাতচল্লিশ ছয়শত ষাট দশমিক ছয় তিন শূন্য) টাকা এর অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের Spare Parts (Water & Sewer Treatment Plant) কোড নং-০১-০৪-০২৫ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


১৭/৫/২৬
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


০২/০৫/২৬
শফিকুল আলম
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


১৭-০৫-২৬
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


১৭/০৫/২৬
মির্জা মোশাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।